***গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার***
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মশিউর রহমান এনডিসি<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ১১/০১/২০২২ সকাল ১০.০০ মি:। |
| সভার স্থান | : | সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/জুম প্ল্যাটফর্ম। |

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **'পরিশিষ্ট-'ক'**।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য ১১/০১/২০২২ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় জুম সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

**আলোচনা :**

জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা অত্র বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনার ছক মোতাবেক ২য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা সমূহের অর্জন পৃথকভাবে পর্যালোচনা করা হয়।

পর্যালোচনান্তে নিম্নবর্নিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :-

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | প্রতিবেদন প্রেরণের তারিখ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | সমবায় অধিদপ্তর | ০৫/০১/২০২২ খ্রিঃ | ***সূচক নং- ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা:** ২০২০-২০২১ অর্থ বছরের ডিপিপি অনুযায়ী সমাপ্ত প্রকল্প ৩১/১২/২০২১ তারিখে হস্তান্তের নির্দেশনা থাকলেও অর্জনের ঘরে কোন তারিখ উল্লেখ করা হয়নি। সম্পদ হস্তান্তরের তথ্য উল্লেখ করতে হবে।<br><br>***সূচক** নং- ৩.১, সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম পর্যালোচনা (সমিতি ব্যবস্থাপনা, বিনিয়োগ, স্থায়ী সম্পদ, ঋণ কার্যক্রম, স্থিতিপত্র অনুযায়ী লাভ ক্ষতির হিসাব ও লভ্যাংশ বন্টন) সংক্রান্ত কার্যক্রমটি সংশোধি/পরিবর্তন করতে হবে।<br>***সূচক** নং- ৩.২, নিবন্ধন কার্যক্রম যাচাইকরণ সংক্রান্ত কার্যক্রমটি সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক** নং- ৩.৩, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন' সমাপ্ত প্রকল্পের ঘূর্ণায়মান ঋণ বিতরণ কার্যক্রম যাচাইকরণ সংক্রান্ত সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক** নং- ৩.৪, ঢাকা জেলার দোহার উপজেলার সমবায় সমিতি সমূহের নির্বাচন প্রক্রিয়া যাচাইকরণ সংক্রান্ত সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক** নং- ৩.৫, ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির ঋণ প্রদান সংক্রান্ত সংশোধন/পরিবর্তন করতে হবে। |

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | প্রতিবেদন প্রেরণের তারিখ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | ০৫/০১/২০২২ খ্রিঃ | * **সূচক নং- ১.৬** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ: ১ম কোয়ার্টার হতে ৪র্থ কোয়ার্টার পর্যন্ত তারিখ পরিবর্তন করতে হবে।<br>* **সূচক নং- ১.৭** আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান: ১ম কোয়ার্টার হতে ৪র্থ কোয়ার্টার পর্যন্ত তারিখ সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৪, পল্লী উন্নয়ন দলের সদস্যভিত্তিক লেনদেন সদস্যদের পাশবহিতে নিয়মিত লিপিবদ্ধকরণ (এন্ট্রি) বিষয়ে সচেতনতামূলক উঠান বৈঠক সংক্রান্ত কার্যক্রমটি পরিবর্তন করতে হবে। |
| ০৩। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, (বার্ড) কুমিল্লা। | ০৪/০১/২০২২ খ্রিঃ | ***সূচক নং-** ৩.১, দুর্নীতি প্রতিরোধ এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে অভ্যন্তরীণ অডিট সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.২, একাডেমির কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে তথা অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়নে বার্ষিক পরিকল্পনা ও মূল্যায়ন সম্মেলন আয়োজন সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৩, RFQ এবং OTM পদ্ধতিতে ক্রয়কৃত পণ্যের গণগত মান এবং সংখ্যা বার্ডের মানযাচাই কমিটির মাধ্যমে যাচাই নিশ্চিতকরণ সংক্রান্ত সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৪, হোস্টেল ও বাগান শাখায় পণ্য ও সেবা গ্রহীতার নিকট হতে আদায়কৃত অর্থের বিপরীতে রশিদ প্রদান নিশ্চিতকরণ সংক্রান্ত সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৫, সম্পদের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণের স্বার্থে বিভিন্ন শাখার মালামালের ভৌত মজুদ পরীক্ষণ সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে। |
| ০৪। | পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া | ০৪/০১/২০২২ খ্রিঃ | * **সূচক নং-১.৫**, কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি: অর্জনের ঘরে সংখ্যা ও তারিখ উল্লেখ করতে হবে।<br>* **সূচক নং- ১.৬** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ: কার্যক্রমের নামের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত কার্যক্রমের নাম উল্লেখ করতে হবে।<br>* **সূচক নং-২.২** প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন: কোন পিএসসি ও পিআইসি সভা ১ম কোয়ার্টারে আয়োজন করা হয়নি সেপ্রেক্ষিতে ২য় কোয়ার্টারে আরো PSC ও PIC আয়োজন করা প্রয়োজন ছিল। পরবর্তী কোয়ার্টারে পিএসসি সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়োজন করতে হবে।<br>* **সূচক নং-২.৩** বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন: ১ম ও ২য় কোয়ার্টারে বার্ষিক উন্নয়ন কর্মসূচি অর্জনের লক্ষ্যমাত্রা ২৫%ও ৫০% উল্লেখ রয়েছে কিন্তু অর্জন হয়েছে ১.১৬% ও ১৮.৬৯%। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে।<br>***সূচক নং-** ৩.১, CIWM-এর ঋণ কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.২, নার্সারি ইউনিটের বিক্রয়, উৎপাদন ও প্রশিক্ষণ নীতিমালা সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৪, খামার ইউনিটের মনিটরিং কার্যক্রম পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৫, প্রশিক্ষণার্থীদের মাধ্যমে প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে। |
| ০৫। | বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড)। | ০৪/০১/২০২২ | *সূচক নং- ৩.২, দুর্নীতি বিরোধী সভা আয়োজনের মাধ্যমে কর্মকর্তা কর্মচারীদের সচেতনতা স্বচ্ছ কর্ম স্পৃহা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রমটি সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>*সূচক নং- ৩.৫, দুর্নীতি প্রতিরোধকল্পে স্বল্পদৈঘ্য নাটিকা প্রদর্শন ও প্রচার সংক্রান্ত কার্যক্রমটি সংশোধন/পরিবর্তন করতে হবে। |

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | প্রতিবেদন প্রেরণের তারিখ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৬। | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এস.এফ.ডি.এফ) | ০৫/০১/২০২২ | * মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফরমেট অনুযায়ী তথ্য প্রেরণ করতে হবে।<br>* **সূচক নং- ১.১** নৈতিকতা কমিটির সভা আয়োজন: ২য় কোয়ার্টারে অর্জনের ঘরে তারিখ লেখা হয়েছে। সংখ্যার সংযোজন করতে হবে।<br>* **সূচক নং-১.৫,** কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি: অর্জনের ঘরে সংখ্যা ও তারিখ উল্লেখ করতে হবে।<br>***সূচক নং-** ৩.৩ উদ্বুদ্ধকরণ ও বিভিন্ন কার্যক্রম গ্রহণের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা খেলাপি ঋণ নিষ্পন্নকরণ সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে। |
| ০৭। | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পি.ডি.বি.এফ) | ০৬/০১/২০২২ | * **সূচক নং-১.৫,** কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি: অর্জনের ঘরে সংখ্যা ও তারিখ উল্লেখ করতে হবে।<br>* **সূচক নং- ১.৬** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ: ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>***সূচক নং-** ৩.১, স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচর সেবা বক্স হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রমটি সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.২, উত্তম চর্চার তালিকা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৩, অধীনস্ত শাখা/কার্যালয়ের কার্যক্রম পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৪, আঞ্চলিক কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স আয়োজন সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে।<br>***সূচক নং-** ৩.৫, পিডিবিএফ এর কার্যক্রমের উপর সুফলভোগী সদস্যদের গণশুনাণী সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে। |
| ০৮। | মিল্কভিটা | ০৬/০১/২০২২ | ***সূচক নং-** ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন: ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার ঘরের ১০০ দেখানে হয়েছে কিন্তু বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ লক্ষ্যমাত্রার ঘরে ৮০ দেখানো হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে।<br>* **সূচক নং-১.৫,** কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি: অর্জনের ঘরে সংখ্যা ও তারিখ উল্লেখ করতে হবে।<br>* **সূচক নং- ১.৬** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ: ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>***সূচক নং-** ৩.১ , ঋণ কার্যক্রম মনিটরিং এর জন্য ভিডিও কনফারেন্স আয়োজন সংক্রান্ত কার্যক্রম সংশোধন/পরিবর্তন করতে হবে। |

০২। অর্জনের স্বপক্ষে যথাযথ প্রমানক ১৫/০১/২০২২ তারিখে দাখিল করার নির্দেশনা প্রদান করা হলো।

০৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১/2022

(মো: মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।